

# কাছে বিক্রির সুযোগ মিলছে

## নাজমুল ইমাম

বঙ্গোপসাগরের মগনামা-হাতিয়ার মতো দক্ষিণ সাঙ্গুর গ্যাসও অবশেষে ত্তীয় পক্ষের কাছে বিক্রির সুযোগ পাচ্ছে অস্ট্রেলিয়ার কোম্পানি সান্টোস এনার্জি। এ লক্ষ্যে গ্যাস পারচেজ অ্যান্ড সেলস এগ্রিমেন্ট (জিপিএসএ) সংশোধনের পক্ষে মত (ভেটিং) দিয়েছে আইন মন্ত্রণালয়। গত বৃত্তাবার জ্বালানি বিভাগ ওই ভেটিং পেয়েছে। এখন চড়ান্ত অনুমোদনের জন্য এ সংক্রান্ত প্রস্তাব প্রধানমন্ত্রীর কার্যালয়ে পাঠানো হবে। প্রধানমন্ত্রী সম্মতি দিলেই জিপিএসএ সংশোধনের উদ্যোগ নেবে পেট্রোবাংলা। এর ফলে দক্ষিণ

সাঙ্গুরে গ্যাস পেলে সান্টোস তার অংশ সরাসরি তৃতীয় পক্ষের (বেসরকারি গ্রাহক) কাছে বেশ মূল্যে বিক্রির সুযোগ পাবে। তবে দেশের বাইরে ওই গ্যাস বিক্রি করা যাবে না।

পেট্রোবাংলার চেয়ারম্যান অধ্যাপক ড. হোসেন মনসুর সমকালকে বলেন, প্রধানমন্ত্রীর অনুমোদন পেলে আগামী মে মাসের মধ্যেই জিপিএসএ সংশোধন করা সম্ভব হবে। এর ফলে আগামী অক্টোবর-নভেম্বর থেকে সাগরের ১৬ নম্বর ইলকের সাঙ্গু ক্ষেত্রে নতুন একটি উন্নয়ন কৃপ খনন শুরু করা যাবে। আগামী বছরের প্রথমার্ধে দক্ষিণ সাঙ্গুতে আরও দুটি অনুসন্ধান কৃপ খনন করে

» পৃষ্ঠা ২: কলাম ৮



সোমবার রাজধানীর একটি হোটেলে মিট দ্য প্রেসে বক্তব্য রাখছেন ভিএলসিসি গ্রুপের ব্যবস্থাপনা পরিচালক সন্দীপ আহজা

■ সমকাল

## পদ্মা সেতু নির্মাণে ঝণচুক্তি ২৮ এপ্রিল, টেক্ডার ২৯ এপ্রিল

### দুর্নীতি বন্ধে বিশেষ উপদেষ্টা নিয়োগ

#### ■ সমকাল প্রতিবেদক

দক্ষিণ-পশ্চিমাঞ্চলের মানুষের দীর্ঘদিনের স্বপ্নের পদ্মা সেতু নির্মাণে ২৮ এপ্রিল বিশ্বব্যাংকের সঙ্গে ঝণচুক্তি হচ্ছে। পদ্মা সেতু নির্মাণের স্থানে (পদ্মা নদীতে) অস্ট্রিজ জাহাজে এ চুক্তি স্বাক্ষরিত হবে। বিশ্বব্যাংকের সঙ্গে চুক্তি স্বাক্ষরের পর পর্যায়ক্রমে দাতা সংস্থাগুলোর সঙ্গেও চুক্তি স্বাক্ষর অনুষ্ঠিত হবে। ২৯ এপ্রিল মূল সেতু নির্মাণে আন্তর্জাতিক চড়ান্ত দরপত্র আহ্বান করা হবে। নির্মাণকাজের দরপত্রে অংশ নেওয়ার জন্য ভারত, দক্ষিণ কোরিয়া ও চীনের পাঁচটি সংস্থাকে যোগ্য বিবেচনা করে তালিকা করেছে বিশ্বব্যাংক।

যোগাযোগ মন্ত্রণালয় সূত্রে জানা গেছে, বিশ্বব্যাংকের সঙ্গে বাংলাদেশ সরকারের ঝণচুক্তি স্বাক্ষর অনুষ্ঠানে অর্থমন্ত্রী আবুল মাল আবদুল মুহিত, যোগাযোগমন্ত্রী সৈয়দ আবুল হোসেন, বিশ্বব্যাংকের মহাপরিচালক ভিনোদ থমাস, ইআরডি সচিব, সেতু বিভাগের সচিবসহ

» পৃষ্ঠা ২: কলাম ৫

## গুলশানে ভিএলসিসি স্লিমিং সেন্টারের যাত্রা শুরু

#### ■ সমকাল প্রতিবেদক

সুস্থ ও সুন্দর শারীরিক ফিটনেসের অঙ্গীকার নিয়ে গতকাল সোমবার রাজধানীর গুলশানে যাত্রা শুরু করেছে বিশ্বখ্যাত ভিএলসিসি স্লিমিং বিউটি অ্যান্ড ফিটনেস সেন্টারের ২৩৭তম শাখা। অদূর ভবিষ্যতে দেশের আরও দুটি শহরে প্রতিষ্ঠানের শাখা খোলা হবে। রাজধানীর একটি হোটেলে আয়োজিত সংবাদ সম্মেলনে এসব তথ্য জানানো হয়।

সংবাদ সম্মেলনে ভিএলসিসি হেলথ কেয়ার সেন্টার লিমিটেডের ব্যবস্থাপনা পরিচালক সন্দীপ আহজা বলেন, ভিএলসিসি হচ্ছে একটি পূর্ণাঙ্গ সেন্টার যেখানে ক্লিন কেয়ার যন্ত্রপাতি ও স্পা প্রযুক্তি, অত্যাধুনিক যন্ত্রপাতিসমূহ জিম, চর্মবিশেষজ্ঞের দ্বারা স্বকের চিকিৎসা, পুষ্টি বিশেষজ্ঞের সেবা, মেয়েদের বিউটি পার্লার ও পুরুষদের সেলন সুবিধা এক ছাদের মধ্যে রয়েছে। তিনি জানান, ভিএলসিসি বর্তমানে বিশ্বের আটটি দেশের ১০২টি শহরে ২৩৭টি শাখার মাধ্যমে কার্যক্রম পরিচালনা করছে। মানুষের শারীরিক ওজন বৃদ্ধির কারণে সৃষ্টি স্বাস্থ্য জটিলতা কাটানো ও অসংক্রান্ত রোগ প্রতিরোধে সামগ্রিক ফিটনেসের বিকল্প নেই। এ লক্ষ্যে বিশ্বব্যাপী কাজ করছে ভিএলসিসি। সংবাদ সম্মেলনে বলা হয়, দক্ষিণ এশিয়ার বিভিন্ন দেশে ১৫ মিলিয়ন মার্কিন ডলার বিনিয়োগের লক্ষ্যমাত্রা।

» পৃষ্ঠা ২: কলাম ৮